

🗏 আত-তূর | At-Tur | ٱلطُّور

আয়াতঃ ৫২:88

💵 আরবি মূল আয়াত:

وَ إِن يَّرُوا كِسفًا مِّنَ السَّمَآءِ سَاقِطًا يَّقُولُوا سَحَابٌ مَّركُومٌ ﴿٢٣﴾

🗚 অনুবাদসমূহ:

আর কোন আকাশখন্ড ভেঙ্গে পড়তে দেখলে তারা বলবে, 'এটি তো এক পুঞ্জীভূত মেঘ'! — আল-বায়ান আকাশের কোন খন্ড ভেঙ্গে পড়তে দেখলে তারা বলত- 'এটা তো পুঞ্জীভূত মেঘ। (তাদেরকে আল্লাহর যতই বিস্ময়কর নিদর্শন দেখানো হোক না কেন, তারা ঈমান আনবে না।) — তাইসিরুল

তারা আকাশের কোন খন্ড ভেঙ্গে পড়তে দেখলেও বলবেঃ এটাতো এক পূঞ্জীভুত মেঘ। — মুজিবুর রহমান

And if they were to see a fragment from the sky falling, they would say, "[It is merely] clouds heaped up." — Sahih International

88. আর তারা আকাশের কোন খণ্ড ভেঙ্গে পড়তে দেখলে বলবে, এটা তো এক পুঞ্জিভূত মেঘ।

তাফসীরে জাকারিয়া

- (৪৪) তারা আকাশের কোন খন্ড ভেঙ্গে পড়তে দেখলে বলবে, এটা তো এক পুঞ্জীভূত মেঘ।[1]
 - [1] অর্থাৎ, তবুও তারা নিজেদের কুফরী ও শত্রুতা থেকে ফিরে আসবে না। বরং আরো ধৃষ্টতা প্রকাশ করে বলবে যে, এটা আযাব নয়, বরং পুঞ্জীভূত মেঘ উড়ে আসছে। যেমন কোন কোন সময় এ রকম হয়ে থাকে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4779

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন